

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

স্মারক নম্বর- ৩৬.০০.০০০০.০৬১.১৬.০০৩.১৮-১৮৯


তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৮ (২০১৮ সনের ০৮ নং আইন) এর ৮ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ১০ নং ধারার বিধান মোতাবেক সরকার “বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ বোর্ড” নামে নিম্নরূপ একটি বোর্ড প্রতিষ্ঠা করলো:-

(ক)	সচিব, শিল্প মন্ত্রণালয়	-চেয়ারম্যান
(খ)	শিল্প মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব বা সমপদমর্যাদার প্রতিনিধি	-সদস্য
(গ)	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব বা সমপদমর্যাদার প্রতিনিধি	-সদস্য
(ঘ)	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব বা সমপদমর্যাদার প্রতিনিধি	-সদস্য
(ঙ)	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যান্য যুগ্মসচিব বা সমপদমর্যাদার প্রতিনিধি	-সদস্য
(চ)	জাতীয় রাজস্ব বোর্ডের অন্যান্য কমিশনার পদমর্যাদার প্রতিনিধি	-সদস্য
(ছ)	নৌপরিবহন মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব বা সমপদমর্যাদার প্রতিনিধি	-সদস্য
(জ)	বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম	-সদস্য
(ঝ)	ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, চট্টগ্রাম রেঞ্জ, বাংলাদেশ পুলিশ	-সদস্য
(ঞ)	বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক মনোনীত প্রতিনিধি	-সদস্য
(ট)	সভাপতি, বাংলাদেশ শিপ ব্রেকার্স এন্ড রিসাইক্লার্স এসোসিয়েশন	-সদস্য
(ঠ)	সরকার কর্তৃক মনোনীত জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্পের মালিক পক্ষের দুই জন প্রতিনিধি	-সদস্য
(ড)	মহাপরিচালক, বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ বোর্ড	-সদস্য-সচিব

- ২। (ক) সরকার কর্তৃক ক্রম (ঠ) এর অধীন মনোনীত ব্যক্তির সদস্য পদের মেয়াদ হবে তার মনোনয়নের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর; তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, যে কোন সময় সরকার কর্তৃক মনোনীত সদস্যের মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে অব্যাহতি প্রদান করতে পারবে।
- (খ) বোর্ড শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনে এক বা একাধিক ব্যক্তিকে বোর্ডের সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।
- (গ) বোর্ডের কার্যাবলী ও ক্ষমতা বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন ২০১৮ এর ধারা ১১ এর বিধান মোতাবেক নির্ধারিত হবে।
- (ঘ) চেয়ারম্যান অবিলম্বে বোর্ডের সভা আহ্বান করবেন এবং বোর্ডের প্রথম সভা অনুষ্ঠানের তারিখ হতে বোর্ডের কার্যক্রম শুরু হয়েছে বলে গণ্য হবে।
- (ঙ) বোর্ড প্রাথমিকভাবে জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প সংক্রান্ত নীতি-নির্ধারণী বিষয়ক কাজ সম্পাদন করবে।
- (চ) শিল্প মন্ত্রণালয় বোর্ডের প্রধান কার্যালয়ের স্থান নির্ধারণ করবে।
- (ছ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখ হতে বোর্ড জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প সংক্রান্ত প্রশাসনিক কাজ সম্পাদন করবে।
- (জ) উপ-অনুচ্ছেদ ২(ছ) এর আলোকে নির্ধারিত তারিখের পূর্ব পর্যন্ত The Ship Breaking and Ship Recycling Rules 2011 এর বিধি ৫২ এর ক্ষমতাবলে শিল্প মন্ত্রণালয় জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প সংক্রান্ত প্রশাসনিক কাজ সম্পাদন করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ আবদুল হালিম)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।

স্মারক নম্বর- ৩৬.০০.০০০০.০৬১.১৬.০০৩.১৮-১৮৯/১(১৯)

তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অর্থ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৯। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ১০। মহাপরিচালক, বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ বোর্ড।
- ১১। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, চট্টগ্রাম রেঞ্জ।
- ১২। কমান্ডার বিএন, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।
- ১৩। মন্ত্রীর একান্ত সচিব/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। সিস্টেম এ্যানালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হল)।
- ১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১৮। সভাপতি, বাংলাদেশ শিপ ব্রেকার্স এন্ড রিসাইক্লার্স এ্যাসোসিয়েশন (বিএসবিআরএ), আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ১৯। অফিস কপি।